# ভোরের কাগজ

তারিখ ... APR 27 1999 ..
পৃষ্ঠা ৬ কলাম ৩

## শিক্ষকরা ব্যস্ত শিবিখার কাজে

# গফরগাঁওয়ে প্রাথমিক শিক্ষা ব্যাহত

গফরগাঁও (ময়মনসিংহ) প্রতিনিধি : শিক্ষকদের কর্তব্যে অবহেলা এবং শিক্ষার বিনিময়ে খাদ্য প্রকল্পের কাজে শিক্ষকরা ব্যস্ত থাকায় গফরগাঁও থানার প্রাথমিক শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। ফলে এ থানায় আগামী ২০০০ সাল নাগাদ সবার জন্য শিক্ষা সরকারের এই অঙ্গীকার বাস্তবায়ন অনিশ্চিত হয়ে পড়েছে।

শিক্ষা বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের চরম উদাসীনতা ও দুর্নীতি এ ক্ষেত্রে সহায়ক ভূমিকা হিসেবে কাজ করছে। কয়েকটি প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের সার্বিক কার্যক্রম পর্যালোচনা করে দেখা গেছে, অধিকাংশ বিদ্যালয়ে কোমলমতি শিশু শিক্ষার্থীদের পাঠদানে সরকারের নিয়মনীতির কোনো তোয়াক্কা করা হচ্ছে না। আর্থিক লাভের আশায় পাঠদানে ফাঁকি দিয়ে শিক্ষার জন্য খাদ্য প্রকল্পের কাজে ব্যস্ত থাকেন শিক্ষকদের একাংশ। বেতন-ভাতা কম হওয়ায় রেজিস্টার্ড প্রাথমিক শিক্ষকদের বিরাট অংশ এখন ঝুঁকে পড়েছে খাদ্য প্রকল্পের গম আনানেওয়ার কাজে। বেশি ছাত্রছাত্রী দেখিয়ে কাগজপত্র তৈরি করে গম উত্তোলন করা এখন তাদের প্রধান কাজ হয়ে দাঁড়িয়েছে। খাদ্য উত্তোলন করে ছাত্রপ্রতি ১৫ কেজি গম দেওয়ার নিয়ম থাকলেও তা মানা হচ্ছে না বলে অভিযোগ উঠেছে।

জানা গেছে, শিক্ষকরা কোটা সংরক্ষণ করতে পার্সেন্টেজ হিসাব করে অনুপযুক্ত ছাত্রছাত্রীদের তালিকা সরবরাহ করে নিয়মনীতি রক্ষা করেছেন। এ কারণে ছাত্রছাত্রী উপস্থিতি হতাশাজনক বলে সংশ্লিষ্ট একাধিক সূত্র জানিয়েছে।